

# অনুদৃষ্টি

তারে দেখবি যদি নয়ন ভ'রে, এ দুটো চোক কর রে কানা;  
যদি, শুনবি রে তার মধুর বুলি, বাইরের কানে আঞ্জুল দে না।  
কিসের মধু চিনি? সে যে  
গাঢ় প্রেমের মিশ্রি-পানা;  
(তুই) খাবি যদি, ক'সে ঐটে  
বেঁধে রাখ তোর কু-রসনা।  
পরশমণি পরশ ক'রে,  
হ'তে যদি চাস্ রে সোনা;  
(তবে) বিরাগ-পক্ষাঘাতে অসাড়  
ক'রে নে' তোর চামড়াখানা।  
সে যে রাজার রাজা, তার হুজুরে  
যাবি যদি, নাই রে মানা;  
(তবে) অচল হয়ে-শান্ত মনে,  
সার কর আঁধার ঘরের কোণা।  
কান্ত বলে, সকল কথাই আছে আমার প্রাণে জানা;  
(আমি) জেনে শুনে, ভেবে গুনে, ভুলে আছি, কি কারখানা!